দৈনিক বাংলা

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

032

তারিখ 09 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 6



বৃহস্পতিবার ঢাকার একটি কেন্দ্রে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে —দৈনিক বাংলা

**প্রথম দিনে অর্ধ শতাধিক গ্রেফতার**

# এইচএসসি পরীক্ষাঃ ৩ হাজার বহিষ্কার সংঘর্ষঃ ফাঁকা গুলি

(স্টাফ রিপোর্টার)

এইচএসসি পরীক্ষার প্রথম দিনে গতকাল নকল করার অভিযোগে চারটি বোর্ডের অধীনে বিভিন্ন কেন্দ্রে প্রায় তিন হাজার পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। বহিষ্কৃতের সংখ্যা ঢাকা বোর্ডে সর্বাধিক এক হাজার ৬৫৫ জন। রাত সাড়ে দশটায় এ রিপোর্ট লেখার সময় আরও বহিষ্কারের খবর আসছিল।

দাউদকান্দির হাসানপুর কলেজ কেন্দ্রে এবং ময়মনসিংহ আনন্দমোহন কলেজ কেন্দ্রে নকল সরবরাহকারী বহিরাগতদের সঙ্গে পুলিশের সংঘর্ষ ঘটে। পুলিশ দুটি স্থানে সাত রাউন্ড ফা গুলিবর্ষণ করে। দাউদকান্দি বহিরাগতদের ককটেল নিক্ষেপে ফলে দুজন পুলিশ আহত হ ১৪৪ ধারা ভঙ্গের অভিযো পুলিশ বিভিন্ন কেন্দ্র থেকে অ শতাধিক ব্যক্তিকে গ্রেফত

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ফাঁকা গুলি

(প্রথম পৃঃ পর)

করেছে। নোয়াখালী কলেজ কেন্দ্রে নকল সরবরাহে বাধা পেয়ে বহিরাগতরা কেন্দ্রে ভাঙচুর করে। পুলিশ এখানে লাঠিচার্জ এবং আট ব্যক্তিকে গ্রেফতার করে।

গতকাল একযোগে চারটি শিক্ষা বোর্ডের ১৯৮৯ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা শুরু হয়। গতকাল ছিল বাংলা প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম রাজধানীর ইডেন মহিলা কলেজ, তেজগাঁও কলেজ, লালমাটিয়া মহিলা কলেজ, রেসিডেন্সিয়াল মডেল কলেজ এবং সাভার ও কালিয়াকৈর কলেজ পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এক তথ্য বিবরণীতে জানানো হয়, মন্ত্রী এসব কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে দেখে সন্তোষ প্রকাশ করেন।

বোর্ড কর্মকর্তা, দৈনিক বাংলার স্টাফ রিপোর্টার এবং নিজস্ব প্রতিনিধি ও সংবাদদাতারা বিভিন্ন কেন্দ্রের পরীক্ষা সংক্রান্ত খবর জানান।

ঢাকা বোর্ডের ৫৫টি কেন্দ্রে বহিষ্কৃতের সংখ্যা এক হাজার ৬৫৫। রাজধানীতে দুটি কেন্দ্র থেকে দুজন বহিষ্কৃত হয়েছে। রাজশাহী বোর্ডের ৪৮টি কেন্দ্রে ৮৩৯ জন এবং যশোর বোর্ডের ১৮টি কেন্দ্র থেকে ১৯৬ জন পরীক্ষার্থী বহিষ্কারের খবর পাওয়া গেছে। কুমিল্লা বোর্ডে বহিষ্কৃতের সংখ্যা দুই শতাধিক। নকলে সহযোগিতা করার দায়ে যশোরে নোয়াপাড়া কলেজ কেন্দ্রে একজন পরিদর্শক বহিষ্কৃত হন।

নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও কেন্দ্রে দুজন বহিরাগতকে নকল সরবরাহের অভিযোগে ভ্রাম্যমাণ আদালত এক মাস করে কারাদণ্ড দেন।

ময়মনসিংহ আনন্দমোহন কলেজ কেন্দ্রে বহিরাগতদের সঙ্গে পুলিশের সংঘর্ষকালে পুলিশ তিন রাউন্ড ফাঁকা গুলিবর্ষণ করে। মিন্টু কলেজেও পুলিশের সঙ্গে বহিরাগতদের সংঘর্ষ হয়। এখানে পুলিশ লাঠিচার্জ করে।

ঈশ্বরদী থেকে নিজস্ব সংবাদদাতা জানান, এইচএসসি পরীক্ষার প্রথম দিনে সেখানে সরকারী কলেজ কেন্দ্র থেকে ৭৩ জন পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করা হয়েছে।